# চুয়েট, কুয়েট ও রুয়েট এর স্নাতক পর্যায়ের (শিক্ষাবর্ষ: ২০২৩-২৪)
## সমন্বিত ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

**১। বিশ্ববিদ্যালয়সমূহের আসন সংখ্যা :**

| ক্রমিক নং | বিশ্ববিদ্যালয়ের নাম | আসন সংখ্যা * | সংরক্ষিত আসন সংখ্যা | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) | ৯২০ | ১১ | ৯৩১ |
| ২. | খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) | ১০৬০ | ০৫ | ১০৬৫ |
| ৩. | রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) | ১২৩০ | ০৫ | ১২৩৫ |
| | সর্বমোট | ৩২১০ | ২১ | ৩২৩১ |

*বিভাগওয়ারী বিস্তারিত আসন সংখ্যা ভর্তি নির্দেশিকা হতে জানা যাবে।

**২। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের যোগ্যতা :**

ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

(খ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে ২০২০ ইং অথবা ২০২১ ইং সালের মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০০ অথবা সমতুল্য গ্রেড পেয়ে উত্তীর্ণ হতে হবে ।

(গ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে ২০২৩ ইং সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক/আলিম/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে অথবা ২০২২ ইং সালের নভেম্বর বা তার পরে GCE 'A' লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে। প্রার্থীকে গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন বিষয়ে মোট গ্রেড পয়েন্ট কমপক্ষে ১৪.০০ পেতে হবে এবং ইংরেজী বিষয়ে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.৫০ সহ গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয় সমূহের সর্বমোট গ্রেড পয়েন্ট ১৮.০০ হতে হবে। ইংরেজী ভার্সন/বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে উক্ত বিষয়সমূহে সমতুল্য গ্রেড পেতে হবে। এছাড়া বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তির জন্য সংশ্লিষ্ট প্রার্থীকে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জীববিজ্ঞানে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৪.০০ পেতে হবে।

(ঘ) প্রার্থীকে GCE 'O' এবং GCE 'A' লেভেল উত্তীর্ণ হয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের জন্য GCE 'O' লেভেল পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ে আলাদাভাবে 'A' গ্রেড পেতে হবে। GCE 'A' লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিত বিষয়ে আলাদাভাবে 'A' গ্রেড পেতে হবে। এছাড়া বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তি হতে হলে সংশ্লিষ্ট প্রার্থীকে GCE 'A' লেভেল পরীক্ষায় জীববিজ্ঞানে কমপক্ষে 'B' গ্রেড পেতে হবে।

(ঙ) কমপক্ষে ১২ শিক্ষাবর্ষ অধ্যয়নকাল থাকা সাপেক্ষে বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২০২২ ইং সালের উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ের প্রত্যেকটিতে আলাদাভাবে কমপক্ষে ৮০% নম্বর বা সমমানের গ্রেড পেতে হবে। সংশ্লিষ্ট প্রার্থীকে মাধ্যমিক/সমমানের পরীক্ষায় গড়ে কমপক্ষে ৭০% নম্বর বা সমমানের গ্রেড পেতে হবে।

(চ) সকল সঠিক আবেদনকারীর মধ্য হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী বিষয়ের মোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রথম ৩০,০০০ (ত্রিশ হাজার) যোগ্য প্রার্থীকে (ভর্তি নির্দেশিকায় "ভর্তি পরীক্ষার যোগ্য প্রার্থী নির্ধারণ" অনুযায়ী) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

(ছ) ন্যূনতম যোগ্যতা পূরণ সাপেক্ষে GCE 'O' লেভেল/GCE 'A' লেভেল এবং সংরক্ষিত আসনের জন্য সকল সঠিক আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের জন্য যোগ্য বলে বিবেচিত হবে।

**৩। আবেদন করার পদ্ধতি :**

চুয়েট, কুয়েট ও রুয়েট এর সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (https://admissionckruet.ac.bd) এ প্রদত্ত নির্দেশনা মোতাবেক অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি পরীক্ষার ফি প্রদান করে Submit করতে হবে।

| গ্রুপ | বিভাগ | ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফি (সার্ভিস চার্জ ব্যতীত) |
|---|---|---|
| 'ক' | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ | ১৩৫০/- (এক হাজার তিনশত পঞ্চাশ) টাকা |
| 'খ' | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ | ১৪৫০/- (এক হাজার চারশত পঞ্চাশ) টাকা |

**৪। পরীক্ষা ও ভর্তি সংশ্লিষ্ট তারিখ ও সময়সূচী:**

| | | | |
|---|---|---|---|
| (ক) অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু | ২৪ জানুয়ারী ২০২৪ ইং, বুধবার সকাল ০৯:০০ ঘটিকা থেকে | | |
| (খ) অনলাইনে আবেদনপত্র গ্রহণ শেষ | ০৭ ফেব্রুয়ারী ২০২৪ ইং, বুধবার রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত | | |
| (গ) অনলাইনে আবেদন ফি প্রদান শেষ | ০৮ ফেব্রুয়ারী ২০২৪ ইং, বৃহস্পতিবার রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত | | |
| (ঘ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের রোল নম্বর ও পরীক্ষা কেন্দ্রসহ নামের তালিকা প্রকাশ | ১৮ ফেব্রুয়ারী ২০২৪ ইং, রবিবার সকাল ১০:০০ ঘটিকা | | |
| (ঙ) প্রবেশপত্র download শুরু | ১৯ ফেব্রুয়ারী ২০২৪ ইং, সোমবার সকাল ১০:০০ ঘটিকা থেকে | | |
| (চ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময় (গ্রুপ "ক" এবং গ্রুপ "খ" এর জন্য গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ের উপর Multiple Choice Question (MCQ) পদ্ধতিতে এবং গ্রুপ "খ" এর স্থাপত্য বিভাগের জন্য অতিরিক্ত মুক্তহস্ত অংকন পরীক্ষা অনুষ্ঠিত হবে।) | গ্রুপ | মোট নম্বর | তারিখ ও সময় |
| | 'ক' | ৫০০ | ০৩ মার্চ ২০২৪ ইং তারিখ (রবিবার) সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১২:৩০ ঘটিকা |
| | 'খ' | ৭০০ | ০৩ মার্চ ২০২৪ ইং তারিখ (রবিবার) সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১:৪৫ ঘটিকা পর্যন্ত |
| ছ) ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মেধাস্থান অনুযায়ী মেধাতালিকা প্রকাশ, বিশ্ববিদ্যালয় ও বিভাগ পছন্দ প্রদানের নির্দেশনা, ভর্তির নিয়মাবলী ও ভর্তির তারিখ প্রকাশ | ১৮ মার্চ ২০২৪ ইং, সোমবার রাত ১০:০০ ঘটিকা | | |
| (জ) ভর্তির তারিখ, ওরিয়েন্টেশন ও ক্লাশ শুরুর তারিখ ও সময় এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য বিজ্ঞপ্তি প্রত্যেক বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড, নিজস্ব ওয়েবসাইট এবং সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissionckruet.ac.bd) প্রকাশ করা হবে। এর জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি বা ব্যক্তিগত চিঠি দেয়া হবে না। | | | |

**বিশেষ দ্রষ্টব্য :**

- ০৭ ফেব্রুয়ারী ২০২৪ ইং, বুধবার রাত ১১:৫৯ ঘটিকার পরে অনলাইনে আবেদন প্রক্রিয়া বন্ধ হয়ে যাবে। এরপর আর কোন আবেদনপত্র Submit করা যাবে না।
- MCQ পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য মোট প্রাপ্ত নম্বর থেকে সংশ্লিষ্ট প্রশ্নের জন্য বরাদ্দ নম্বরের ২৫% কাটা হবে।
- OMR Sheet এ শুধুমাত্র কালো কালির বলপয়েন্ট কলমের মাধ্যমে বৃত্ত ভরাট করা যাবে। বৃত্ত ভরাটের জন্য পেন্সিল, জেল পেন বা ফাউন্টেন পেন ব্যবহার করা যাবে না। মুক্তহস্ত অংকনের জন্য পেন্সিল ব্যবহার করা যেতে পারে।
- বিশেষ পরিস্থিতির প্রেক্ষিতে ০৪ নং অনুচ্ছেদের ছকে বর্ণিত তারিখ ও সময়সূচীর পরিবর্তন হতে পারে। এ বিষয়ে সংশোধনী অথবা প্রয়োজনীয় তথ্যাদি সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissionckruet.ac.bd) প্রকাশ করা হবে।

ভর্তি পরীক্ষার যাবতীয় তথ্য সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissionckruet.ac.bd), ভর্তি বিজ্ঞপ্তি এবং ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে। ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যে কোন ধারা ও উপ-ধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কেন্দ্রীয় ভর্তি কমিটি সংরক্ষণ করে।

15/1/2024

(অধ্যাপক ড. মোঃ মহি উদ্দিন)
সদস্য-সচিব
Central Admission Committee (CAC)
CUET, KUET ও RUET-এর সমন্বিত ভর্তি পরীক্ষা
(শিক্ষাবর্ষঃ ২০২৩-২০২৪)

20/01/2024

(অধ্যাপক ড. সুদীপ কুমার পাল)
সভাপতি
Central Admission Committee (CAC)
CUET, KUET ও RUET-এর সমন্বিত ভর্তি পরীক্ষা
(শিক্ষাবর্ষঃ ২০২৩-২০২৪)